# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২২৪

৩০/ ফিতনা-ফ্যাসাদ (كتاب الفتن والملاحم)

পরিচ্ছেদঃ ৬. মু'মিন ব্যাক্তিকে হত্যা করা জঘন্য অপরাধ।

## باب فِي تَعْظِيمِ قَتْلِ الْمُؤْمِنِ

আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، أَوْ حَدَّثَنِي الْحَكَمُ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ فَقَالَ لَمَّا نَزَلَتِ الَّتِي فِي الْفُرْقَانِ ( وَالَّذِينَ لاَ يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلاَ يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلاَّ بِالْحَقِّ ) قَالَ مُشْرِكُو أَهْلِ مَكَّةَ قَدْ قَتَلْنَا النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ وَدَعَوْنَا مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَأَتَيْنَا الْفَوَاحِشَ . فَأَنْزَلَ اللَّهُ ( إِلاَّ مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلاً صَالِحًا فَأُولَئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ) فَهَذِهِ لأُولَئِكَ قَالَ وَأَمَّا الَّتِي فِي النِّسَاءِ ( وَمَنْ يَقْتُلْ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ ) الآيَةُ قَالَ الرَّجُلُ إِذَا عَرَفَ شَرَائِعَ الإِسْلاَمِ ثُمَّ قَتَلَ مُؤْمِنًا مُتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ لاَ تَوْبَةَ لَهُ . فَذَكَرْتُ هَذَا لِمُجَاهِدٍ فَقَالَ إِلاَّ مَنْ نَدِمَ .

বাংলা

৪২২৪. ইউসুফ ইব্‌ন মূসা (রহঃ) ..... সাঈদ ইব্‌ন জুবায়ের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি ইব্‌ন আব্বাস (রাঃ)-কে উপরোক্ত আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করলে, তিনি বলেনঃ যখন সূরা ফুরকানের এ আয়াতঃ যারা আল্লাহ্‌র সাথে অন্য কিছুর শরীক করে না এবং অন্যায়ভাবে কাউকে হত্যা করে না”-নাযিল হয়, তখন মক্কার (নও-মুসলিম) মুশরিকরা এরূপ বলতে থাকে যে, আমরা তো আল্লাহ্‌র সাথে শরীক করেছি, অন্যায়ভাবে হত্যাও করেছি; এ ছাড়া আমরা আরো অনেক গুনাহ্‌ করেছি, (এমতাবস্থায় আমাদের নাজাতের ব্যবস্থা কি?) তখন আল্লাহ্‌ এ আয়াত নাযিল করেনঃ “আর যে তাওবা করবে, ঈমান আনবে এবং নেক আমল করবে, আল্লাহ্‌ তাদের গুনাহ্‌কে নেকীতে পরিবর্তিত করে দেবেন”।

আর সূরা নিসার এ আয়াতঃ যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন মু’মিনকে হত্যা করবে, সে জাহান্নামে যাবে”, ঐ ব্যক্তি সম্পর্কে নাযিল হয়, যে ইসলামী শরীআতের হুকুম-আহকাম সম্পর্কে জ্ঞাত হওয়া সত্ত্বেও কোন মু’মিনকে ইচ্ছাকৃতভাবে হত্যা করে, সে অবশ্যই জাহান্নামে যাবে এবং তার তাওবা কবূল হবে না। রাবী সাঈদ (রহঃ) বলেনঃ আমি এ সম্পর্কে মুজাহিদ (রহঃ)-এর সাথে আলোচনা করলে, তিনি বলেনঃ তবে কেউ যদি যথার্থ-লজ্জিত

হয়ে তাওবা করে, তবে তা কবূল হবে।

## English

Sa'id bin Jubair said:
I asked Ibn 'Abbas (about the verse relating to intentional homicide in Surat An-Nisa') He said: When the verse "Those who invoke not with Allah any other god, nor slay such life as Allah had made sacred, except for just cause" was revealed, the polytheists of Mecca said: We have killed the soul prohibited by Allah, invoked another god along with Allah for worship, and committed shameful deeds. So Allah revealed the verse "unless he repents, believes, and works righteous deeds, for Allah will change the evil of such persons into good." This is meant for them. As regards the verse "if a man kills a believer intentionally, his recompense is Hell" He said: If a man knows the command of Islam and intentionally kills a believer, his repentance wil not be accepted. I then mentioned it to Mujahid. He said: "Except the one who is ashamed (of his sin)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সা‘ঈদ ইবনু যুবায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন